

# এসএসসি খাতা মূল্যায়নে অবহেলা, কালো তালিকায় ৭১ শিক্ষক

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ২৩ আগস্ট ২০২৫



চলতি বছরের এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে ‘দায়িত্বহীনতা’ ও ‘অবহেলার’ অভিযোগে ৭১ পরীক্ষককে কালো তালিকাভুক্ত করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

এসব শিক্ষক আগামী পাঁচ বছর বোর্ডের কোনো পাবলিক পরীক্ষায় প্রধান পরীক্ষক, পরীক্ষক বা নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার জানিয়েছেন, এসব শিক্ষকের বিরুদ্ধে দায়িত্ব অবহেলার প্রমাণ পাওয়া গেছে। তাই তাদের কালো তালিকাভুক্ত করা হয়েছে।

গত ২০ আগস্ট ঢাকা বোর্ড থেকে পাঠানো এক চিঠিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশনা দেওয়া হয়েছে, কালো তালিকাভুক্ত ৭১ শিক্ষকের নাম দ্রুত ই-এফটি থেকে বাদ দিয়ে বোর্ডকে জানাতে হবে।

শান্তি পাওয়া শিক্ষকদের তালিকা এখানে।

গত ১০ অগাস্ট এসএসসির খাতা পুনর্নিরীক্ষণের ফল প্রকাশ করে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। ওই ফলাফলে অকৃতকার্য তিন শিক্ষার্থী খাতা পুনর্নিরীক্ষণের পর জিপিএ-৫ পান।